

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মলমল

নং-৪৬.৪২.৫৬০০.০০০.১৪.০০৬.১৫ (১) ১০৬

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৪
২৭ এপ্রিল ২০১৭

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে মানিকগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ মানিকগঞ্জ জেলা পরিষদের স্মারক নং- জেপ-মানিক/প্রকল্প-০১/২০১৬/১৮৫, তারিখঃ ২৩/০৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৬-২০১৭ অর্থ বছরে মানিকগঞ্জ জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের বাধ্যতামূলক খাতের আওতায় ২৪,৮৫,৩৩৯/- (চব্বিশ লক্ষ পঁচিশ হাজার তিনশত উনচল্লিশ) টাকায় গৃহীত “ হরিরামপুর উপজেলাধীন ঝিটকা (গালা ইউপি) হইতে দফাদার পাড়া হইয়া বিজয় নগর রাস্তায় চেঃ ২৩১৯ মিঃ এ ২০ মিঃ সংযোগ সেতু নির্মাণ” প্রকল্পটি বিধি মোতাবেক নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ :

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, মানিকগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮- এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পটির তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৫) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে ;
- ৬) প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ মানিকগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

জাহিদ হোসেন
(মোঃ জাহিদ হোসেন) ১৪/০৪/২০১৭
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, মানিকগঞ্জ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।